



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



ঢাশিবো/বি/ ৫৮৬/মুসী/৫৬

তারিখ: ২৭/০১/২০২২

বিষয়: বিদ্যালয়ের সহকারী শিক্ষক(বরখাস্তকৃত) জনাব মোঃ আনোয়ার হোসেন- কে স্বপদে পূর্ণবহাল প্রসঙ্গে।

সূত্র:১) বোর্ডের ১৬/০৩/২০২১ তারিখে আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত।

- ২) ঢাকা শিক্ষা বোর্ডের স্মারক নং- ঢাশিবো/বি/৬/আএন্ডআ/২৯৯ তারিখঃ ০২/০৫/২০২১ মাধ্যমে প্রেরিত পত্র।
- ৩) ঢাকা শিক্ষা বোর্ডের স্মারক নং- ঢাশিবো/বি/৫৮৬/মুসী/৫৮৭ তারিখঃ ২৬/১০/২০২১ মাধ্যমে প্রেরিত পত্র।
- ৪) সহকারী শিক্ষক(বরখাস্তকৃত) জনাব মোঃ আনোয়ার হোসেন এর ১০/১১/২০২১ তারিখে বোর্ডে দাখিলকৃত পত্র।
- ৫) প্রধান শিক্ষকের ০৯/১১/২০২১ তারিখে বোর্ডে দাখিলকৃত পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মুন্সীগঞ্জ জেলার গজারিয়া উপজেলাধীন “বাউশিয়া এম.এ. আজহার উচ্চ বিদ্যালয়” এর সহকারী শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ আনোয়ার হোসেন- কে সূত্রোক্ত (১) নং ক্রমিকে উল্লিখিত বোর্ডের ১৬/০৩/২০২১ তারিখে আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত মোতাবেক এবং সূত্রোক্ত (২) ও (৩) ক্রমিকের উল্লিখিত পত্রের মাধ্যমে তাকে স্ব-পদে পূর্ণবহালের জন্য যথাক্রমে সভাপতি, ম্যানেজিং কমিটি ও প্রধান শিক্ষক বরাবর দুই দফায় পত্র প্রেরণ করা হয় (কপি সংযুক্ত)। কিন্তু বিদ্যালয়ের সহকারী শিক্ষক(বরখাস্তকৃত) জনাব মোঃ আনোয়ার হোসেন- কে স্বপদে পূর্ণবহালের বিষয়ে বিদ্যালয় কর্তৃপক্ষ অদ্যাবদি কোন পদক্ষেপ গ্রহণ করেন নাই যা বোর্ডের নির্দেশ অবমাননার শামিল।

বোর্ড কর্তৃক প্রদত্ত সূত্রোক্ত ১,২ ও ৩ ক্রমিকে উল্লিখিত পত্রের নির্দেশনা অনুযায়ী বিদ্যালয়ের সহকারী শিক্ষক(বরখাস্তকৃত) জনাব মোঃ আনোয়ার হোসেন- কে ১০(দশ) দিনের মধ্যে স্বপদে পূর্ণবহাল করার জন্য পুনরায় তাগিদ পত্র প্রেরণ করা হলো। ব্যর্থতায় ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রবিধানমালা ২০০৯ এর ৩৮ এর (২)ধারা অনুযায়ী, ম্যানেজিং কমিটি বাতিলসহ বিদ্যালয়ের স্বীকৃতি প্রত্যাহার করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক

সভাপতি

এডহক কমিটি

বাউশিয়া এম.এ. আজহার উচ্চ বিদ্যালয়,

গজারিয়া, মুন্সীগঞ্জ।

মেমো নং-৫৬(৭)

তারিখ: ২৭/০১/২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ।
- ৩। জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ।
- ৪। প্রধান শিক্ষক, বাউশিয়া এম.এ. আজহার উচ্চ বিদ্যালয়, গজারিয়া, মুন্সীগঞ্জ।
- ৫। জনাব, মোঃ আনোয়ার হোসেন, সহকারী শিক্ষক (বরখাস্তকৃত), বাউশিয়া এম.এ. আজহার উচ্চ বিদ্যালয়, গজারিয়া, মুন্সীগঞ্জ।
- ৬। পি,এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।